

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১০৫

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - ইতিকাফ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعُودُ الْمَرِيضَ وَهُوَ مُعْتَكِفٌ فَيَمُرُ كَمَا هُوَ فَلَا يُعَرِّجُ يَسْأَلُ عَنْهُ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهْ

বাংলা

২১০৫-[৯] 'আয়িশাহ্ (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইতিকাফ অবস্থায় হাঁটতে হাঁটতে পথের এদিক সেদিক না গিয়ে ও না দাঁড়িয়ে রোগীর অবস্থা জিজ্ঞেস করতেন। (আবূ দাউদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ২৪৭২, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৫৯৫, য'ঈফ আল জামি' ৪৫৮৯। কারণ এর সানাদে লায়স ইবনু আবূ সুলায়ম একজন দুর্বল রাবী। হাফেয ইবনু হাজার (রহঃ) তার সম্পর্কে বলেন, তিনি একজন সত্যবাদী রাবী। কিন্তু শেষ দিকে স্মৃতিশক্তি এলোমেলো হওয়ায় নিজের হাদীস নিরূপণ করতে পারতেন না। ফলে তিনি মাতরুক হয়েছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে দলীল রয়েছে যে, ইতিকাফকারী যখন বৈধ কোন কারণে বের হবে, যেমন মানবীয় প্রয়োজন। অতঃপর অসুস্থ ব্যক্তির সেবা করল কিংবা জানাযায় শারীক হলো। যদি তার বের হওয়াটা উক্ত ইচ্ছায় না হয়। অর্থাৎ- জানাযায় কিংবা রোগীর সেবা করার ইচ্ছায় যদি বের না হয়, তবে তাতে কোন ক্ষতি হবে না এবং ইতিকাফ নষ্টও হবে না- এ ব্যাপারে চার ইমামগণ একমত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 56665$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন